

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 05-10-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Carnival C.M.

রাজধানী আগরতলায় তুলসীবতী স্কুলের সামনে গতকাল সরকারী উদ্যোগে বিজয়া দশমীর ভাসান পর্ব মায়ের গমন কার্নিভাল অনুষ্ঠিত হয়েছে। আগরতলা তুলসীবতী স্কুলের সামনে গতরাতে এই কার্নিভালের সূচনা করেন, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। অধিক রাত পর্যন্ত বিভিন্ন ক্লাবগুলি রাজধানীর রাজপথ পরিভ্রমণ করে দশমী ঘাটে তাদের প্রতিমা নিরঞ্জন করেন। প্রচুর দর্শনার্থী এই মায়ের গমন কার্নিভালে সামিল হন। কার্নিভালে সূচনা করে মুখ্যমন্ত্রী বলেন, মায়ের গমন অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যে সম্প্রদায়িক সম্প্রীতির বার্তা আরো স্পষ্ট হবে। মুখ্যমন্ত্রী বলেন এই ধরনের অনুষ্ঠানের মূল উদ্দেশ্য হলো রাজ্যের ঐতিহ্য ও পরম্পরাকে সমৃদ্ধ করা। সম্প্রীতি ও সৌহার্দ্যকে আরও শক্তিশালী করা। রাজ্য সরকার এই লক্ষ্যেই কাজ করছে। তিনি বলেন, রাজ্যের শিল্প সাহিত্য সাংস্কৃতিক চর্চার বিকাশে তথ্য সংস্কৃতি দপ্তর কাজ করছে। গত চার বছর ধরে নান্দনিক পরিবেশে, মায়ের গমন অনুষ্ঠিত হচ্ছে। আমাদের সাংস্কৃতিক ক্যালেন্ডারে এই কার্যক্রম সবচেয়ে বড় সাংস্কৃতিক কর্মসূচিতে পরিণত হয়েছে, পরে পতাকা নেড়ে মায়ের গমন অনুষ্ঠানের সূচনা জ্বকরেন মুখ্যমন্ত্রী। একই রকম ভাবে রাজ্যে বিভিন্ন জেলাতে গতরাতে কার্নিভাল অনুষ্ঠিত হয়।

Hira De:

রাজ্যের বিশিষ্ট নৃত্যশিল্পী ও নৃত্যগুরু হীরা দে গতকাল নিঃশ্বাস ত্যাগ করেছেন | আগরতলার একটি বেসরকারী হাসপাতালে তিনি প্রয়াত হন | মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৯ বছর | ছোটবেলা থেকেই তাঁর নাচের প্রতি আকর্ষণ ছিল | পরবর্তী সময় রবীন্দ্র ভারতী বিশ্ব বিদ্যালয় থেকে ভারতনাট্যমে তিনি প্রথম বিভাগে প্রথম স্থান অর্জন করেন | একই বিশ্ব বিদ্যালয় থেকে নৃত্যে মাস্টার ডিগ্রীও তিনি অর্জন করেন। আগরতলা পুর পরিষদে সরোজিনী স্মৃতি পুরস্কার, সচিন দেববর্মণ স্মৃতি পুরস্কার সহ বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানে পুরস্কারে তিনি ভূষিত হয়েছেন | নৃত্য শিল্পী হীরা দে প্রয়ানে রাজ্যের সাংস্কৃতিক মহলে শোকের ছায়া নেমে এসেছে | আজ সকাল দশটায় তাঁর মরদেহ রবীন্দ্র ভবনে শ্রদ্ধা জ্ঞাপনের জন্য আনা হবে | পরে সেখান থেকে শেষকৃত্যের জন্য বটতলা মহাস্থানশানে নিয়ে যাওয়া হবে |

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং শিল্পোদ্যোগে নির্ণায়ক উৎসাহ দেওয়ার জন্য ৬২ হাজার কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন যুবকেন্দ্রিক প্রকল্পের সূচনা করেছেন। গতকাল নতুন দিল্লির বিজ্ঞান ভবনে আয়োজিত কোর্শল দীক্ষান্ত সমারোহে প্রধানমন্ত্রী শ্রী মোদী, উন্নত ITI, এর মাধ্যমে Pradhan Mantri and Employability Transformation অর্থাৎ PM-SETU উদ্বোধন করেন।

বিভিন্ন যুব-কেন্দ্রিক উদ্যোগের উদ্বোধনের পর, প্রধানমন্ত্রী বলেন, দক্ষতা বিকাশ, জাতি নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি বলেন, তার সরকার যুব শক্তিকে প্রশিক্ষণ ও উদ্ভাবনের উপর জোর দিয়ে ভবিষ্যতে নেতৃত্ব দিতে প্রস্তুত করছে।

Chairman obc commission:

ত্রিপুরা ওবিসি কমিশনের চেয়ারম্যান হিসেবে দ্বিতীয়বারের জন্য নিযুক্তি পেলেন তাপস মজুমদার। রাজ্য প্রশাসনের অবর সচিব জয় দত্ত এক বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়েছেন।

Swasth nari sashakt pariwar -J.P.Nadda

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা বলেছেন, সুস্থ নারী সশক্ত পরিবার অভিযান ৬ কোটি ৫০ লক্ষ মহিলার রোগ নির্ণায়ক পরীক্ষার ঐতিহাসিক মাইলফলক অর্জন করেছে। তিনি বলেন, সারা দেশে প্রায় ১৮ লক্ষ স্বাস্থ্য শিবির আয়োজন করা হয়েছিল। দুই সপ্তাহব্যাপী অভিযান গত মাসের ১৭ তারিখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুরু করেছিলেন এবং এই মাসের ২ তারিখে শেষ হয়েছে। সামাজিক মাধ্যমে শ্রী নাড্ডা জানান, এই অসাধারণ সাফল্য নারীর স্বাস্থ্যকে শক্তিশালী পরিবার এবং সমৃদ্ধ সমাজের কেন্দ্রবিন্দুতে রাখার জন্য দেশের সম্মিলিত সংকল্পকে প্রতিফলিত করে।

Union Road Transport Fee..

সরকার জাতীয় হাইওয়ে ফি (হার নির্ধারণ এবং সংগ্রহ) নিয়ম, ২০০৮ সংশোধন করেছে। নতুন নিয়ম অনুযায়ী, বৈধ ও কার্যকর FASTag ছাড়া ফি প্লাজায় প্রবেশ করা যানবাহনের জন্য, যদি ফি নগদে দেওয়া হয়, তবে প্রযোজ্য এই ব্যবহারকারী ফির দ্বিগুণ ব্যবস্থা করা হবে। যেসব ব্যবহারকারী ফি Unified Payment Interface (UPI) মাধ্যমে দিতে পছন্দ করবেন, তাদের জন্য ঐ শ্রেণীর

যানবাহনের প্রযোজ্য ব্যবহারকারী ফি মাত্র ১.২৫ গুণ ধার্য করা হবে। নতুন নিয়মসমূহ আগামী মাসের ১৫ তারিখ থেকে কার্যকর হবে।

সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রণালয় আরও জানিয়েছে যে, নতুন সংশোধনের উদ্দেশ্য হলো ফি সংগ্রহ প্রক্রিয়াকে শক্তিশালী করা, টোল সংগ্রহে স্বচ্ছতা বৃদ্ধি করা এবং জাতীয় মহাসড়ক ব্যবহারকারীদের জন্য যাতায়াতে সহজতা বাড়ানো। মন্ত্রণালয় আরও যোগ করেছে যে সংশোধিত নিয়মগুলোর মাধ্যমে ডিজিটাল পেমেন্টের গ্রহণযোগ্যতা বাড়বে, টোল কার্যক্রমে স্বচ্ছতা বৃদ্ধি পাবে এবং জাতীয় মহাসড়কে সামগ্রিক ব্যবহারকারীর অভিজ্ঞতা উন্নত হবে।

Weather :

আকাশ সাধারণত মেঘচ্ছন্ন থাকবে। রাজ্যের বিভিন্ন জেলায় দু এক জায়গায় বজ্রসহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৫ ডিগ্রী সেলসিয়াস। ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ৮.৬ মিলিমিটার।
